Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 27 June, 2025

একসঙ্গে বাংলাদেশের স্টার সিনেপ্লেক্সে মুক্তি পেয়েছে চারটি নতুন হলিউড সিনেমা। এতে রয়েছে আলোচিত হরর ছবি ‘মেগান’ এর সিক্যুয়েল ‘মেগান ২.০’, ফর্মুলা ওয়ান বিশ্বচ্যাম্পিয়নশিপের ওপর নির্মিত ‘এফ ওয়ান’, জনপ্রিয় অ্যানিমেটেড সিরিজের লাইভ-অ্যাকশন রিমেক ‘হাউ টু ট্রেইন ইওর ড্রাগন’ এবং দশকান্তর পর মুক্তিপ্রাপ্ত ফ্র্যাঞ্চাইজির নতুন কিস্তি ‘ফাইনাল ডেস্টিনেশন: ব্লাডলাইনস’।

‘মেগান ২.০’ এবং ‘এফ ওয়ান’ আন্তর্জাতিক মঞ্চে আজই মুক্তি পেয়েছে।‘হাউ টু ট্রেইন ইওর ড্রাগন’ গত ১৩ জুন মুক্তি পাওয়ার পর যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যে প্রশংসিত হয়েছে এবং আয়ের দিক থেকেও এ বছর সেরা ছবিগুলোর মধ্যে চার নম্বর অবস্থানে রয়েছে। ‘ফাইনাল ডেস্টিনেশন: ব্লাডলাইনস’ দশ বছর পর এই জনপ্রিয় সিরিজের নতুন ছবি হিসেবে দর্শকদের প্রত্যাশা পূরণ করেছে।

স্টার সিনেপ্লেক্সের জ্যেষ্ঠ বিপণন কর্তা মেসবাহ উদ্দিন আহমেদ বলেন, “আমরা আশাবাদী যে, বাংলাদেশের সিনেমাপ্রেমীরাও এই চারটি সিনেমাকে ভালোভাবে গ্রহণ করবে এবং ভালো সাড়া দেবে।”

স্টার সিনেপ্লেক্স হলিউড হলিউড সিনেমা মেগান মেগান ২.০ এফ ওয়ান হাউ টু ট্রেইন ইওর ড্রাগন

© 2025 TimesToday. All Rights Reserved.

URL: https://www.timestodaybd.com/public/entertainment/3793775807